

“নকলকে না বলি, দিন বদলের দৃঢ় প্রত্যয়ে দেশটাকে গড়ে তুলি”



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা

ফোন : ০৮১-৭৬৩২৮, ওয়েবসাইট : www.comillaboard.gov.bd



নং: ৬৫(১)/২০১৯

তারিখ : ০৪/০৫/২০১৯ খ্রি:

বিজ্ঞপ্তি

বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটির ৪ মে ২০১৯ তারিখের পত্র নং: আশিবো/প্রশাঃ/২০১০/২১ মোতাবেক কুমিল্লা শিক্ষাবোর্ডের আওতাধীন সকল মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক, স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ, এসএসসি পরীক্ষা কেন্দ্র- ২০১৯ এর কেন্দ্র সচিব এবং সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৯ সালের এসএসসি পরীক্ষার ফলাফল আগামী ০৬ মে ২০১৯ তারিখ বেলা ১২.০০ টায় প্রকাশ করা হবে। সংশ্লিষ্ট সকলকে নিম্নবর্ণিত উপায়ে ফল সংগ্রহ এবং পুনঃনিরীক্ষণের আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

১. বোর্ড হতে পরীক্ষার কোন ধরনের হার্ডকপি সরবরাহ করা হবে না। কুমিল্লা শিক্ষাবোর্ডের ওয়েবসাইট www.comillaboard.gov.bd এর এসএসসি কর্ণারে এসএসসি ২০১৯ ফলাফল- এ ক্লিক করে শিক্ষা প্রতিষ্ঠানের EIIN এন্ট্রি করে স্ব স্ব প্রতিষ্ঠান Result sheet download/Print করতে পারবে।
২. mail.educationboard.gov.bd ওয়েবসাইটে গিয়ে কুমিল্লা বোর্ড সিলেক্ট করে প্রতিষ্ঠানের EIIN এর মাধ্যমে প্রতিষ্ঠানভিত্তিক Result sheet print/download করতে পারবে।
৩. পরীক্ষার্থীগণ সমন্বিত শিক্ষাবোর্ডসমূহের ওয়েবসাইট : www.educationboardresults.gov.bd এবং সংশ্লিষ্ট বোর্ডের ওয়েবসাইটের মাধ্যমে পরীক্ষার ফল সংগ্রহ করতে পারবে।
৪. পরীক্ষার্থীদের পরীক্ষার ফল স্ব স্ব কেন্দ্র/শিক্ষা প্রতিষ্ঠান হতে সংগ্রহ করার পরামর্শ দেয়া হলো।
৫. এ বোর্ডের আওতাধীন জেলা/উপজেলাভিত্তিক প্রতিষ্ঠানসমূহের ফলের পরিসংখ্যান কুমিল্লা শিক্ষাবোর্ডের ওয়েবসাইট www.comillaboard.gov.bd এর এসএসসি কর্ণারে ফল পরিসংখ্যানে ক্লিক করে প্রিন্ট করতে পারবে।
৬. নির্ধারিত Short Code: 16222 এ SMS এর মাধ্যমে ফল প্রাপ্তির পদ্ধতি টেলিটক বাংলাদেশ লিঃ কর্তৃক প্রদত্ত বিজ্ঞপ্তির মাধ্যমে জানা যাবে।
৭. পুনঃনিরীক্ষণের জন্য SMS এর মাধ্যমে ০৭ মে ২০১৯ তারিখ থেকে ১৩ মে ২০১৯ তারিখ পর্যন্ত আবেদন গ্রহণ করা হবে। আবেদন পদ্ধতি টেলিটক বাংলাদেশ লিঃ প্রদত্ত বিজ্ঞপ্তির মাধ্যমে জানা যাবে।
৮. উল্লেখ্য শিক্ষা মন্ত্রণালয়, শিক্ষাবোর্ড বা পত্রিকা অফিসে পরীক্ষার ফলাফল পাওয়া যাবে না বা প্রকাশিত হবে না।

(ড. মোঃ আসাদুজ্জামান)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

কুমিল্লা শিক্ষাবোর্ডের আওতাধীন সকল বিদ্যালয়/স্কুল এন্ড কলেজের প্রধান
ও এসএসসি পরীক্ষা-২০১৯ এর সকল কেন্দ্রসচিব।

স্মারক নং : প-গো/ এসএসসি/২০১৯/৭৫৪(৬)

তারিখ : ০৪/০৫/২০১৯ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি :

১. সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সভাপতি, আন্তঃশিক্ষাবোর্ড সমন্বয় সাব-কমিটি
৪. জেলা প্রশাসক, কুমিল্লা/চাঁদপুর/ব্রাহ্মণবাড়ীয়া/নোয়াখালী/ফেনী/লক্ষ্মীপুর।
৫. উপজেলা নির্বাহী অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
৬. সংরক্ষণ নথি।

(ড. মোঃ আসাদুজ্জামান)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা